

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.ecs.gov.bd

স্মারক নং- ১৭.০৪.৭০০০.০০০.৪৪.০০২.২৪- ১২৫

তারিখঃ ১৮ মার্চ ২০২৪ খ্রিঃ


গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চাঁপাইনবাবগঞ্জ জেলার ০৫ (পাঁচ) টি উপজেলার (চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ, ভোলাহাট, গোমস্তাপুর ও নাচোল) খসড়া ভোটকেন্দ্রের তালিকা অদ্য ১৮ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ প্রকাশ করা হলো। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়, জেলা নির্বাচন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয় সমূহের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে। উক্ত প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকার উপর কোন প্রকার দাবী/আপত্তি থাকলে তা জেলা নির্বাচন অফিসার বরাবর তার কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী ২১ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে লিখিতভাবে দাখিল করা যাবে।

সময়-সূচি

| ক্র: নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---------|--|--------------------|
| ১। | খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ | ১৮ মার্চ ২০২৪ |
| ২। | খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ | ২১ মার্চ ২০২৪ |
| ৩। | প্রাপ্ত দাবী/আপত্তির নিষ্পত্তির শেষ তারিখ | ২৪ মার্চ ২০২৪ |
| ৪। | প্রাথমিক ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতকরণ/প্রকাশ/চূড়ান্তকরণ | ২৫ মার্চ ২০২৪ |

স্থানঃ জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ



(মোঃ রেজাউল করিম)
জেলা নির্বাচন অফিসার
চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ ০২৫৮৮৮৯২৫৩২

স্মারক নং- ১৭.০৪.৭০০০.০০০.৪৪.০০২.২৪- ১২৫

তারিখঃ ১৮ মার্চ ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৬। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
- ৭। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/ভোলাহাট/গোমস্তাপুর/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
- ১০। উপজেলা নির্বাচন অফিসার.....সংশ্লিষ্ট (সকল), চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পৌরসভা কার্যালয় ও ইউনিয়ন পরিষদের কার্যালয়ে খসড়া ভোটকেন্দ্রের তালিকা সরবরাহ নিশ্চিত করবেন
- ১১। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, (তৌকে নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো)
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চাঁপাইনবাবগঞ্জ
- ১৩। নোটিশ বোর্ড।


জেলা নির্বাচন অফিসার
চাঁপাইনবাবগঞ্জ